উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -২০৬৪(৪০)

তারিখ ঃ ০৪ কার্তিক ১৪৩১। / ২০ অক্টোবর ২০২৪।

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ২৪ অক্টোবর, ২০২৪ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের অক্টোবর, ২০২৪ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ২৩-১০-২০২৪ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

২০/১০/২৪

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

২০/১০/২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৬) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) চেয়ারম্যান, ........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) জনাব..............................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ ২০৬৪(৪০)/১(৪)

তারিখ ঃ ০৪ কার্তিক ১৪৩১। / ২০ অক্টোবর ২০২৪।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**

১। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।
৪। অফিস নথি।

২০/১০/২৪

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

২০/১০/২৪

# উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : অক্টোবর, ২০২৪ সভার তারিখ: ২৪/১০/২০২৪, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01745763080 | | [illegible] |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718455798 | | [illegible] |
| ৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01932460103 | hafizsau10@gmail.com | [illegible] |
| ৬ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | [illegible] |
| ৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718996474 | | [illegible] |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711155694 | | [illegible] 24/10/24 |
| ৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | | [illegible] |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01743069747 | | [illegible] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716415990 | upazilacoop phul | [illegible] |
| ১৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724913930 | uwaotullkuri@gmail.com | [illegible] |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01812413862 | | [illegible] |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425104 | | [illegible] |
| ১৭ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | [illegible] | [illegible] | [illegible] |

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : অক্টোবর, ২০২৪ সভার তারিখ: ২৪/১০/২০২৪, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | [signature] |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01725193366 | | [signature] |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01919699780 | | [signature] |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | [signature] |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01734163808 | | [signature] |

উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**অক্টোবর, ২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | রেহেনুমা তারান্নুম<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ২৪ অক্টোবর, ২০২৪। |
| সময় | ঃ | বেলা ১১.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক ,উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়- (বিভাগীয় কার্যাবলী)** আলোচনা :

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। দুধ, ডিম, মাংসের বাজার নিয়ন্ত্রণ রোধে প্রতিনিয়ত বাজার মনিটরিং চলমান রয়েছে। তিনি আরো জানান যে, অত্র দপ্তরের খামারীদের বসার জন্য ০১টি গাছের চারপাশে গোলচত্বর নির্মাণে এবং মোটরসাইকেল গ্যারেজ নির্মাণ প্রয়োজন। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত অক্টৌর, ২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১৯২০টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১০৭০০টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৭২১২০টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৬৯০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৩৯৭টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১৩৩ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৫টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা</td><td>১৬০ জন</td></tr>
<tr><td>০৯</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>১ একর</td></tr>
<tr><td>১০</td><td>খামারী প্রশিক্ষণ প্রদান</td><td>১০০ জন</td></tr>
</table>
</td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশুর অন্যান্য রোগ সম্পর্কে সজাগ থাকতে হবে এবং রোগাক্রান্ত পশু জবাই না করারসহ প্রতিনিয়ত বাজার মনিটরিং ব্যাপারে কার্যক্রমসহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) খরিপ-২/২০২৪ মৌসুমে অত্র উপজেলায় মোট ১১.৩৫০ হেঃ জমিতে রোপা আমন ধানের চাষ হয়েছে। ধান পাকতে শুরু করেছে। উক্ত জমি থেকে প্রায় ৪৫ হাজার মেঃটন ধান উৎপাদন হবে মর্মে আশা করা হচ্ছে।<br>(খ) রবি প্রণোদনা কর্মসূচির আওতায় অত্র উপজেলার ৩২১০ জন কৃষকের মাঝে ১০টি ফসল বীজ ও সার বিতরণ করা হবে। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ইউনিয়ন বিভাজন করে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর তালিকা প্রস্তুত করা হচ্ছে।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে।</td><td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান পাতা/২)

উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি):

সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ফুলবাড়ী উপজেলাধীন উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন ও পরিষদের হলরুম নির্মাণের কাজ ইতিমধ্যে সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক ১০০% সম্পন্ন করে হস্তান্তর করা হয়েছে। কিন্তু ক্লোজ সার্কিট ক্যামেরা না থাকায় রাত্রিকালীন সময়ে নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন ও পরিষদের হলরুমের নিরাপত্তা নিশ্চিত করণের জন্য ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =২,০০,০০০/- টাকার মধ্যে নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১। শ্রী মাখন চন্দ্র | ইউপি সদস্য (ফুলবাড়ী) | সভাপতি |
| ২। মোঃ আরিফুর রহমান | সমাজ সেবক | সদস্য সচিব |
| ৩। মোঃ তাজুল ইসলাম | শিক্ষক | সদস্য |
| ৪। মোঃ হাসানুর রহমান | ঈমাম | সদস্য |
| ৫। মোঃ মজিবর রহমান | বীর মুক্তিযোদ্ধা | সদস্য |

সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সাম্প্রতিক বিভিন্ন রাজনৈতিক সহিংসতার কারণে উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন ও পরিষদের হলরুমের কিছু জানালার ক্ষতি সাধিত হয়েছে। ফলে নতুন জানালা জরুরীভাবে স্থাপন করা প্রয়োজন। ইহা ছাড়া পুরাতন প্রশাসনিক ভবনের নীচ তলায় উপজেলা হিসাব রক্ষণ অফিসে ১টি টয়লেট নির্মাণ করা প্রয়োজন। কারণ উক্ত অফিসে অনেক বয়স্ক লোকজন পেনশন সংক্রান্ত কাজে আসার কারণে টয়লেট ব্যবহারের প্রয়োজন হয়। এমতাবস্থায়, উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন ও পরিষদের হলরুমের জানালা ও পুরাতন প্রশাসনিক ভবনের নীচ তলায় একটি টয়লেট নির্মাণের জন্য ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =২,০০,০০০/- টাকার মধ্যে নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১। মোঃ হারুন-অর-রশিদ | ইউপি চেয়ারম্যান(ফুলবাড়ী) | সভাপতি |
| ২। মোঃ রবিউল ইসলাম | সমাজ সেবক | সদস্য সচিব |
| ৩। মোঃ আব্দুল মতিন মিয়া | শিক্ষক | সদস্য |
| ৪। মোঃ হাসানুর রহমান | ঈমাম | সদস্য |
| ৫। মোঃ মজিবর রহমান | বীর মুক্তিযোদ্ধা | সদস্য |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ফুলবাড়ী কুড়িগ্রামকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয় এবং পিরানহা মাছ ও আফ্রিকান মাগুরের ব্যাপারে সতর্ক করা হয়। বন্যায় মৎস্য চাষ বিষয়ে করণীয় সম্পর্কে মাঠ পর্যায়ে পরামর্শ প্রদান করা। ০১ নভেম্বর ২০২৪ হতে আগামী ৩০ জুন ২০২৫ পর্যন্ত জাটকা ইলিশ ধরা, ক্রয় এবং বাজারজাত করণ নিষিদ্ধ। ধরলা নদীতে অভিযান করে ১২০০ মিটার কারেন্ট জাল ও ১৫০ মিটার চায়না দুয়ারী জাল জব্দ করা হয়। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৩)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির ছাত্রীদের এইচপিভি টিকা প্রদানের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান।<br>২। ২০২৫ সালের এসএসসি পরিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা-২০২৪ চলমান।<br>৩। উপবৃত্তি তালিকা ভুক্ত বাউসব্যাক শিক্ষার্থীদের হিসাব নম্বর সংশোধন কার্যক্রম চলমান।<br>৪। শিক্ষা প্রতিষ্ঠানে টিউশন ফি প্রদানে ব্যাংক হিসাব নম্বর সংশোধন কার্যক্রম সম্পন্ন।<br>৫। আয়রন ফলিক এসিড (IFA) ট্যাবলেট বিতরণ সম্পন্ন।<br>৬। ২০২৪ শিক্ষাবর্ষের ব্যানবেইস অনলাইন জরিপ হালনাগাদ কার্যক্রম চলমান।<br>৭। শিক্ষা প্রতিষ্ঠানের ই-রিকুইজিশন (শিক্ষক চাহিদা) কার্যক্রম চলমান।<br>৮। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook, WhatsApp এর মাধ্যমে "ফুলবাড়ী কুড়িগ্রাম শিক্ষা পরিবার" গ্রুপ থেকে তথ্য আদান প্রদান চলমান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে :<br>১। ১৪৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এডহক কমিটি গঠন করা হয়েছে।<br>২। প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে পরিদর্শন জোরদার কার্যক্রম চলমান রয়েছে।<br>৩। ১৪৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্লিপ ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। স্লিপ পরিকল্পনা মোতাবেক ভাউচার গ্রহণের কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ০১ নভেম্বর জাতীয় যুব দিবস পালনে সকলের সহয়োগিতা কামনা করেন। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>০১। (ক) অক্টোবর, ২০২৪ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতের আওতায় ৮৪৯ জনকে ১,৭৬,৮৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) অক্টোবর, ২০২৪ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮২২৯ জনকে ১৭,৬৬,১৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) অক্টোবর, ২০২৪ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় পর্ব প্রকল্পের আওতায় ৩৬২ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। অক্টোবর, ২০২৪ পর্যন্ত ৮১২৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৯%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৮৬% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৪)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি ১,২০,০০০/-(এক লক্ষ বিশ হাজার) টাকা বকেয়া ঋণ আদায় হয়েছে এবং তাঁর বিভাগ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্তকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপণের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ০২ নভেম্বর সমবায় দিবস পালনে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মোঃ হারুন অর রশিদ, চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, সকল ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন এর যথারীতি কার্যক্রম চলমান রয়েছে। নিয়মিত আইন শৃঙ্খলাসহ সকল চেয়ারম্যানগন নিরাপত্তার বিষয়ে সুদৃষ্টি দেয়ার জন্য সভায় অনুরোধ জানান। | আলোচনান্তে ফুলবাড়ী ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন কার্যক্রমসহ সকল ইউনিয়নের আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ | জনাব মো: হাছেন আলী, চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন এর কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তার ইউনিয়নে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সভায় অনুরোধ জানান। | আলোচনান্তে নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন কার্যক্রমসহ আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, নাওডাঙ্গা, ফুলবাড়ী কুড়িগ্রাম।<br>২। অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা। |

(চলমান/৫)

| | | | |
|---|---|---|---|
| শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মো: শরীফুল আলম মিয়া, চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন এর কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। উন্নয়ন সহায়তা তহবিলের কাজ ও টিসিবি কার্যক্রম চলমান রয়েছে। | আলোচনান্তে শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য নির্দেশনা প্রদা ন করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, শিমুলবাড়ী, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| কাশিপুর ইউনিয়ন পরিষদ | জনাব মোঃ মনিরুজ্জামান মিয়া, চেয়ারম্যান, কাশিপুর ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন এর কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি আরো জানান যে কাশিপুর বাজারে প্রভাতী প্রকল্পে মাধ্যমে হাটসেড নির্মাণ করতে হবে সে লক্ষ্যে বাজারে শিমুলগাছ অপসারণের জন্য সভায় অনুরোধ জানানো হয়। ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে মর্মে সভায় অবহিত করেন। | আলোচনান্তে কাশিপুর ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, কাশিপুর, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, আনসার সেডে ব্যবহৃত অক্টোবর/২০২৪ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ = ১৫,৫৬৭/-(পনের হাজার পাঁচশত সাতষট্টি) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, আনসার সেডে ব্যবহৃত অক্টোবর/২০২৪ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ = ১৫,৫৬৭/-(পনের হাজার পাঁচশত সাতষট্টি) টাকার বিল পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | ২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের যানবাহন মেরামত করে ২২,৪৫৪/- (বাইশ হাজার চারশত চুয়ান্ন) টাকার বিল/ভাউচার দাখিল করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত বাবদ ব্যয়কৃত = ২২,৪৫৪/-(বাইশ হাজার চারশত চুয়ান্ন) টাকার বিল সভায় অনুমোদিত হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১০/২৪

(রেহেনুমা তারান্নুম)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০ ০১.২৩-১০৫০ তারিখ ঃ ১৩ কার্তিক ১৪৩১। / ২৯ অক্টোবর ২০২৪।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, ......................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৮। উপজেলা.......................................................কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। জনাব..............................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। নোটিশ বোর্ড।
১২। অফিস নথি।

২৯/১০/২৪

(রেহেনুমা তারান্নুম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০২৫৮৯৯-৫৩৪১১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

২৯/১০/২৪